



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2023

গভর্নর ক্যাথি হোকল

**SAG-AFTRA এবং WGA চুক্তির অনুসমর্থনের পর, গভর্নর হোকল স্টেট এজেন্সিসমূহকে প্রক্রিয়া দ্রুত করার এবং ফিল্ম ও টিভি শিল্পখাতকে নিউ ইয়র্কে অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরায় শুরু করে দেওয়ার নির্দেশ প্রদান করলেন**

**নির্বাহী চেম্বার 30টির বেশি এজেন্সিকে অনুমোদন ও অনুমতির প্রক্রিয়া দ্রুত করার নির্দেশ দিয়ে চিঠি প্রেরণ করেছে**

**নিউ ইয়র্কের টিভি ও ফিল্ম শিল্পখাত গত বছর 65,000 এর বেশি চাকরি তৈরি করেছে; 2013 সাল থেকে 35 বিলিয়ন মার্কিন ডলার উপার্জন করেছে**

গভর্নর ক্যাথি হোকল আজকে স্টেট এজেন্সিগুলিকে ফিল্ম ও টেলিভিশন প্রযোজনা প্রক্রিয়া দ্রুত করার নির্দেশ দিয়েছেন, যা এই শিল্পখাতগুলিকে দ্রুততার সাথে পুনরায় কাজ শুরু করতে দিবে যেহেতু এখন স্ক্রিন অ্যাক্টর্স গিল্ড-আমেরিকান টেলিভিশন এবং রেডিও আর্টিস্টস ফেডারেশন (Screen Actors Guild-American Federation of Television and Radio Artists, SAG-AFTRA) এবং আমেরিকান রাইটার্স গিল্ড (Writers Guild of America, WGA) তাদের ধর্মঘট শেষ করেছে এবং চুক্তির অনুসমর্থন করেছে। ফিল্ম ও টেলিভিশন প্রযোজনা শিল্পখাত হলো নিউ ইয়র্কের একটি মুখ্য অর্থনৈতিক চালিকাশক্তি, এটি প্রতি বছর 9 বিলিয়ন মার্কিন ডলারের বেশি [মোট দেশজ উৎপাদন \(Gross Domestic Product, GDP\)](#) যোগ করে।

"সকল শিল্পখাতের কর্মীদের তাদের শ্রমের জন্য ন্যায্য বেতন পাওয়া অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "ধর্মঘট এখন শেষ হয়েছে, তাই আমি সংশ্লিষ্ট সকল স্টেট এজেন্সিকে অনুমোদন ও অনুমতির দ্রুত ব্যবস্থা করতে নির্দেশ দিচ্ছি যাতে করে অভিনেতা, লেখক এবং এই শিল্পখাতের নিবেদিত মধ্যবিত্ত পেশাদারগণ কাজে ফেরত যেতে পারে।"

স্টেট এজেন্সিগুলিকে প্রেরিত নির্বাহী চেম্বারের (Executive Chamber) [চিঠির](#) একটি অনুলিপি এখানে পাওয়া যাবে।

শিল্পখাতের ইউনিয়ন ধর্মঘট চূড়ান্ত চুক্তির দিকে অগ্রসর হচ্ছে এই আশা করে নিউ ইয়র্ক স্টেটব্যাপী বৃহৎ আকারের প্রযোজনা ফেরত আসার জন্য প্রস্তুতি নিচ্ছে। 11 ডিসেম্বরের মধ্যে, স্টেটের সত্তাগুলি মার্কেটিংয়ের প্রক্রিয়া পর্যালোচনা করবে, স্টেট মালিকানাধীন সম্পত্তি ও সেবা প্রযোজনার জন্য উপলভ্য করবে এবং এছাড়াও ব্যবসাকে আকর্ষণ করা সমর্থন করার উপায় সনাক্ত করবে। এর মধ্যে রয়েছে অনুমতি ত্বরান্বিত করা, ফি এবং প্রত্যক্ষ কর্মী ব্যয় স্বচ্ছ রাখা

এবং স্টেটের ব্যয় অতিক্রম না করা, প্রযোজনার অনুরোধ পরিচালনা করার জন্য এজেন্সির মধ্যে একটি শিল্পখাতের সাথে যোগাযোগের ক্ষেত্র বজায় রাখা, এবং অনুমতি, ক্লিয়ারেন্স এবং প্রবিধান সেবা ত্বরান্বিত করতে লিয়াজেঁ হিসেবে কাজ করার জন্য এজেন্সি কর্তৃক কোনো ব্যক্তি বা দল নিয়োজিত রাখা নিশ্চিত করা। প্রযোজনা কোম্পানির জন্য সর্বোচ্চ পরিমাণ ব্যবহারিক মাত্রায় স্টেট প্রদত্ত সম্পত্তি এবং সেবা উপলভ্য করতে হবে। অমীমাংসিত সমস্যা মোশন পিকচার এবং টেলিভিশন ডেভেলপমেন্ট অফিস (Office of Motion Picture & Television Development, MPTV) এবং গভর্নরের অফিসে নিতে হবে।

নিউ ইয়র্ক স্টেটের ফিল্ম এবং টিভি প্রযোজনা শিল্পখাত মিলিয়ন মিলিয়ন মার্কি ডলার বিনিয়োগ সৃষ্টি করে এবং প্রতি বছর হাজার হাজার প্রযোজনা কর্মী, ক্যাটারার, আতিথেয়তা কর্মী, এবং আমাদের সম্প্রদায়সমূহের ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করে। SAG-AFTRA এবং WGA এর মতো ইউনিয়ন ফিল্ম ও টিভি প্রযোজনা খাতে উচ্চ বেতন, সম্পূর্ণ ভাতা এবং বলিষ্ঠ সুরক্ষা এবং ব্যাপক ব্যাপ্তির নিউ ইয়র্কবাসীর জন্য একই চাকরি উপলভ্য করা নিশ্চিত করতে সাহায্য করে, যেহেতু এই শিল্পখাতের 44 শতাংশ চাকরির জন্য একটি 4 বছরের ডিগ্রির প্রয়োজন হয় না। শিল্পখাতটি নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ এবং সবথেকে সাম্প্রতিক স্বাধীন মূল্যায়ন অনুযায়ী, 2021 এবং 2022 সালে, ফিল্ম শিল্পখাত 18 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বাস্তব GDP যোগ করেছে এবং 131,000 এর বেশি প্রত্যক্ষ চাকরি তৈরি করেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেব্লট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)